

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৮ (ভোকেশনাল-৩)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯২.৩১.১৪২.১৫-২০২

তারিখঃ ০৭/০৩/২০১৭খ্রিঃ

বিষয় : নাটোর জেলার গুরুদাসপুর উপজেলাধীন বিলচলন বহুমুখী উচ্চ বিদ্যালয়-এর জনাব আবু বখতিয়ার মোঃ ফিরোজ, প্রভাষক(হিসাব রক্ষণ) এর সহকারী অধ্যাপক স্কেল সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে তাঁর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নাটোর জেলার গুরুদাসপুর উপজেলাধীন বিলচলন বহুমুখী উচ্চ বিদ্যালয়-এর প্রভাষক(হিসাব রক্ষণ) জনাব আবু বখতিয়ার মোঃ ফিরোজ সহকারী অধ্যাপক স্কেল প্রাপ্তির জন্য অত্রদপ্তরে ডকেট নং-৭৩৪/১৬ তারিখঃ ২৯/০৩/২০১৬খ্রিঃ মূলে আবেদন করেন। তাঁর আবেদন যাচাই বাছাই করে এম.পি.ও প্রদান সংক্রান্ত কমিটির সভায় উপস্থাপন করা হয়। তথ্যের গড়মিল এবং প্রয়োজনীয় কাগজপত্র না থাকায় তার সহকারী অধ্যাপক স্কেল বিবেচনা করা হয়নি। তিনি পরবর্তীতে ২১/১২/২০১৬খ্রিঃ তারিখে অত্রদপ্তরে সহকারী অধ্যাপক স্কেল প্রাপ্তির জন্য আরও কিছু কাগজপত্র জমাদেন।

২। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্মারক নং বাকাশিবো/ক/(বিএম)/২০১০/৭১৮ তারিখঃ ১৮/০৭/২০১০খ্রিঃ মূলে প্রতিষ্ঠানটিতে হিসাব রক্ষণ স্পেশালাইজেশনের অ্যাফিলিয়েশন দেওয়া হয়। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শাঃ৪/১জি-৪/২০০৪/২৯৩ তারিখঃ ০৯/০৬/২০০৪খ্রিঃ মূলে প্রতিষ্ঠানটির এইচএসসি ব্যবসায় ব্যবস্থাপনা(বিএম) শাখা মন্ত্রণালয়ের অনুমোদন পায়। তিনি প্রভাষক(হিসাব রক্ষণ) পদে ২১/০৩/২০০৪খ্রিঃ তারিখে নিয়োগ পেয়ে ২৮/০৩/২০০৪খ্রিঃ তারিখে যোগদান করেন এবং মে/২০০৪খ্রিঃ মাসে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর(মাউশি) হতে এমপিও ভুক্ত হয়।

৩। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংশ্লিষ্ট হিসাব রক্ষণ স্পেশালাইজেশন অনুমোদনের পূর্বে উক্ত পদে তিনি এমপিও ভুক্ত হয়ে বেতন ভাতার সরকারি অংশ গ্রহণ করছেন। হিসাব রক্ষণ স্পেশালাইজেশন অনুমোদনের পূর্বে কোন বিধি বিধানের আলোকে প্রভাষক(হিসাব রক্ষণ) পদে নিয়োগ প্রাপ্ত হয়ে এমপিও ভুক্ত হয় তার সুস্পষ্ট ব্যাখ্যা পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে অত্রদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।


প্রাপক :

১। অধ্যক্ষ

বিলচলন বহুমুখী উচ্চ বিদ্যালয়,
গুরুদাসপুর, নাটোর।

২। জনাব আবু বখতিয়ার মোঃ ফিরোজ

প্রভাষক(হিসাব রক্ষণ),
বিলচলন বহুমুখী উচ্চ বিদ্যালয়,
গুরুদাসপুর, নাটোর।


৭.৩.২০১৭

(মোঃ মিজানুর রহমান)
পরিচালক (ভোকেশনাল)

ও

যুগ্ম সচিব

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
টেলিফোনঃ ০২৯১১১০২৩

অনুলিপিঃ

১। জেলা প্রশাসক, নাটোর।

২। উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর।

৩। জেলা শিক্ষা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর।

৪। সভাপতি, বিলচলন বহুমুখী উচ্চ বিদ্যালয়, গুরুদাসপুর, নাটোর।

✓ ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬। পি,এ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।